

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর প্রশিক্ষণ শুরু

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর “নার্সারিং কমিউনিটি” প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ আয়োজনের জন্য স্বাক্ষরিত চুক্তির আলোকে ২৬ জুন-২০২৩ থেকে অনলাইন প্ল্যাটফর্ম টিমস এ্যাপের মাধ্যমে প্রশিক্ষণ শুরু হয়েছে। গত ১১ এপ্রিল ২০২৩ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং মাইক্রোসফটের পার্টনার স্পৃহা বাংলাদেশ ফাউন্ডেশনের সিনিয়র পরিচালক অজয় কুমার বোস চুক্তিতে স্বাক্ষর করেন।

উক্ত কার্যক্রমের সমন্বয় করেন মাইক্রোসফট এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের সাপোর্ট এক্সেলেশন ইঞ্জিনিয়ার জোই চেন, এছাড়া আমেরিকার সান ফ্রান্সিসকো, ইউকে, রোমানিয়া ও ভারতের বেঙ্গালুরু থেকে উক্ত প্রশিক্ষণের জন্য দশ জন প্রশিক্ষক অনলাইনে অরিয়েন্টেশন কার্যক্রমে যোগ দিয়েছেন। নোবিপ্রবি সাইবার সেন্টার ও ইন্টারন্যাশনাল অফিসের মাধ্যমে “নার্সারিং কমিউনিটি” প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের শিক্ষার্থীদের মধ্যে যাদের পাঠ্যবিষয়ে আইসিটি অন্তর্ভুক্ত নয় এমন শিক্ষার্থীদের উদ্দেশ্য করে এই প্রশিক্ষণের আয়োজন করা হবে, যাতে উক্ত শিক্ষার্থীগণ গ্র্যাজুয়েশন ও প্রশিক্ষণ শেষে মাইক্রোসফট সার্টিফাইড সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে চাকরী পেতে পারেন। একই সঙ্গে তাদের মাইক্রোসফট এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে নিয়োগ লাভে সহযোগিতা করা হবে।

নোবিপ্রবির পক্ষে সাইবার সেন্টারের পরিচালক (ভারপ্রাপ্ত) ও সিএসটিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মাহমুদুল হাসান রানা, নোবিপ্রবি সাইবার সেন্টারের সহকারী পরিচালক ও আইআইটি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ ইফতেখারুল আলম ইফাত ভলান্টিয়ার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ইন্টারন্যাশনাল কো-অপারেশন ও কোলাবোরেশন অফিস- (ICCC) উক্ত কার্যক্রমের সমন্বয়ের দায়িত্ব পালন করবে।

উল্লেখ্য, নোবিপ্রবি'র বিএমএস বিভাগের ০১ জন, সমাজবিজ্ঞান বিভাগের ০৩ জন, ইংরেজী বিভাগের ০৩ জন, সমৃদ্ধবিজ্ঞান বিভাগের ০৪ জন, এফটিএনএস বিভাগের ০৩ জন এবং পরিবেশবিজ্ঞান বিভাগের ০২ জন শিক্ষার্থী উক্ত প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

